

শেখ হাসিনার নির্দেশ  
জলবায়ু সহিষ্ণু  
বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়  
পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ -২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.moef.gov.bd

১০  
নতুন ১৩/১০/২০১৬/১৬  
একটি করে করে  
১৩/১০/১৬  
মুজিব  
১০/১০/১৬

স্মারক নম্বর: ২২.০০.০০০০.০৭৭.৯৯.০০১.২২.৭৭

তারিখ: ১২ ডায় ১৪৩০

২৭ আগস্ট ২০২৩

বিষয়: ভূ-গর্ভস্থ পানিদূষণ নিয়ন্ত্রণ প্রসঙ্গে।

সূত্র: ১। শ্রী যশোধন প্রামাণিক, বনপাড়া, নাটোর এর ০৮/০৯/২০১৯ তারিখের আবেদন।

২। পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) স্মারক নং-৪২.১০২.০০৬.১৯.০০.১১১.২০১৮-৬৮৬ তারিখ:  
২০/০৬/২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জমির ভূ-উপরিস্থ কীটনাশক ও ময়লা পানি হাউস বোরিং এর মাধ্যমে ভূগর্ভে প্রবেশ করিয়ে পরিবেশ দূষণ সংক্রান্ত একটি অভিযোগ এ মন্ত্রণালয়ে পাওয়া যায়। উক্ত অভিযোগের বিষয়ে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) থেকে মতামত চাওয়া হলে নিম্নলিখিত মতামত পাওয়া যায়:

ক. সংশ্লিষ্ট জেলা প্রশাসন, BADC, DAE বা BARC এর মাধ্যমে আধুনিক প্রযুক্তি নির্ভর Terracing বা ধাপ পদ্ধতি প্রবর্তনের মাধ্যমে অপেক্ষাকৃত উচ্চ এলাকায় পানি সরবরাহ ও সংরক্ষণপূর্বক নীচু এলাকায় পানি কমানো এবং ধান চাষের উপযোগী করার মাধ্যমে উভয় এলাকায় আধুনিক ধান চাষের উপযোগী হিসাবে গড়ে তোলা এবং কৃষককে উদ্বুদ্ধ করা যেতে পারে।

খ. পানি দূষণের অন্যতম কারণ অপরিষ্কৃত/সাত্তাতিরিক্ত রাসায়নিক সার এবং নির্বিচারে কীটনাশক প্রয়োগ। উল্লেখ্য যে, এ ধরনের সাত্তাতিরিক্ত রাসায়নিক সার কোন সুফল বয়ে আনেনা বরং পৌকামাকড়ের আক্রমণ বাড়িয়ে দেয়। এক্ষেত্রে, BADC বা DAE, NGO সমূহ সংশ্লিষ্ট কৃষকগণকে প্রয়োজনীয় সুসম সার প্রয়োগে উৎসাহ প্রদান, কেমিকেল সারের ব্যবহার হ্রাস, কেমিকেল সারের পরিবর্তে জৈবসার ব্যবহারে উদ্বুদ্ধ করা যেতে পারে।

গ. যে সমস্ত এলাকায় এ ধরনের অপরাধমূলক কার্যক্রম চলমান আছে সংশ্লিষ্ট জেলা প্রশাসক, জেলা সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটি বা পরিবেশ অধিদপ্তরের মাধ্যমে বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর আলোকে ঐ সকল স্থানসমূহ পর্যবেক্ষণপূর্বক দূষণের পয়েন্ট ও নন-পয়েন্ট উৎসসমূহ চিহ্নিত করে নদীসহ ভূ-উপরিস্থ পানি ও ভূ-গর্ভস্থ সকল ধরনের পানির দূষণ রোধে উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

ঘ. পানির দূষণ নিয়ন্ত্রণ এবং এ ধরনের দূষিত পানি ভূ-গর্ভস্থ একুইফারে স্থানান্তরের মাধ্যমে ভূ-গর্ভস্থ একুইফারে ক্ষতির ভয়াবহতা সম্পর্কে সচেতনতা সৃষ্টিতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ উদ্যোগ গ্রহণ করতে পারে।

ঙ. সংশ্লিষ্ট এলাকার যুৎস্য অধিদপ্তর এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের যৌথ উদ্যোগে আবদ্ধ পানিতে সমন্বিত মৎস্য এবং ধান চাষ ব্যবস্থাপনার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।